প্রধান শিক্ষকের কার্যালয়
নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়,নাটোর

নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়,নাটোর এবং নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,নাটোর এ

২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

২০২৬ শিক্ষাবর্ষে নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ৩য়, ৪র্থ, ৫ম, ৮ম ও ৯ম শ্রেণিতে এবং নাটোর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৩য়,৫ম,৭ম ও ৯ম শ্রেণিতে নিম্নবর্ণিত শূণ্য আসনে শিক্ষার্থী ভর্তির জন্য **https://gsa.teletalk.com.bd** এই ঠিকানায় আবেদন পূরণার্থে **Teletalk Pre-paid Mobile** (টেলিটক প্রি-পেইড মোবাইল) নম্বর হতে **SMS** এর মাধ্যমে আবেদন ফি প্রদান করে Online-এর মাধ্যমে **২১/১১/২০২৫ খ্রি. সকাল ১১.০০ টা হতে শুরু হয়ে ০৫/১২/২০২৫ খ্রি. বিকাল ৫.০০ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।** ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১০০/-(একশত) টাকা নির্ধারণ করা হয়েছে। আবেদন ফরম পূরণ পূর্বক প্রবেশপত্রের ০১ (এক) কপি কালার প্রিন্ট নিতে হবে। Online আবেদনের ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত www.dshe.gov.bd **ওয়েবসাইটে এবং** **http://gsa.teletalk.com.bd/ ওয়েবসাইট হতে জানা যাবে।**

নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়,নাটোর এর শূন্য আসন সংখ্যা

শ্রেণি	শিফট	শূন্য আসন সংখ্যা
৩য়	প্রভাতী	১১০
	দিবা	১১০

শ্রেণি	শিফট	শূন্য আসন সংখ্যা
৪র্থ	প্রভাতী	০৭
	দিবা	০২

শ্রেণি	শিফট	শূন্য আসন সংখ্যা
৫ম	প্রভাতী	০৬
	দিবা	১৪

শ্রেণি	শিফট	শূন্য আসন সংখ্যা
৮ম	প্রভাতী	০৮
	দিবা	০৯

শ্রেণি	শিফট	শূন্য আসন সংখ্যা
৯ম	প্রভাতী	নাই
	দিবা	০২

CamScanner

নাটোর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়,নাটোর এর শূন্য আসন সংখ্যা

শ্রেণি	শিফট	শূন্য আসন সংখ্যা
৩য়	প্রভাতী	১১০
	দিবা	১১০

শ্রেণি	শিফট	শূন্য আসন সংখ্যা
৫ম	প্রভাতী	নাই
	দিবা	০৯

শ্রেণি	শিফট	শূন্য আসন সংখ্যা
৭ম	প্রভাতী	নাই
	দিবা	০৮

শ্রেণি	শিফট	শূন্য আসন সংখ্যা
৯ম	প্রভাতী	নাই
	দিবা	০২

Online-এ ভর্তির আবেদনের জন্য যা দরকার হবে

Online আবেদনের ঠিকানা (**https://gsa.teletalk.com.bd**)

১। অন-লাইনে ভর্তির আবেদন ফি ১০০.০০ (একশত) টাকা নির্ধারণ করা হয়েছে (অফেরত যোগ্য)।

২। লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থীরা ভর্তির সুযোগ পাবে। লটারিতে নির্বাচিত শিক্ষার্থীকে তার নির্ধারিত শিফটে ভর্তি হতে হবে। কোন ক্রমেই শিফট পরিবর্তন করা হবে না।

৩। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (**ওয়েবসাইট:** www.dshe.gov.bd) এর ১৪ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দে প্রকাশিত সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক শিক্ষার্থীর বয়স নির্ধারণ করতে হবে। শিক্ষার্থীর বয়স অবশ্যই এই নির্দেশনার আলোকে হিসাব করতে হবে। শিক্ষার্থীর বয়স কম বা বেশি হলে লটারীতে চান্স প্রাপ্ত হলেও ভর্তির অযোগ্য হিসাবে গণ্য করা হবে।

বি:দ্র:

(ক) কোটার ক্ষেত্রে ভর্তির সময় সঠিক প্রমাণপত্র দাখিল করতে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। আসন শূণ্য হলে অপেক্ষমান তালিকা থেকে মেধা ও কোটা অনুসরণ করে ভর্তি করা হবে।

খ) ভর্তি ও অনলাইন ফরম পূরণ সংক্রান্ত কোন সরকারি সিদ্ধান্ত পরিবর্তন হলে স্কুল কর্তৃপক্ষ দায়ী থাকবে.না।

গ) ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির তারিখ ও সময় এবং বিস্তারিত তথ্য উভয় বিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশ করা হবে। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে পরবর্তীতে ভর্তির কোন সুযোগ থাকবে না।

(মোঃ জায়েদুর রহমান)
সদস্য সচিব
শিক্ষার্থী ভর্তি কমিটি- ২০২৬
ও
প্রধান শিক্ষক
নাটোর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নাটোর।
টেলিফোনঃ ০২৫৮৮৮৭১৬১৪

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
বেসরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৭.৪১.০০০২.২০.৬৩

তারিখ: ২৯ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি।

ঢাকা মহানগরীসহ সারাদেশের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০২৬ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি থেকে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় হতে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। ভর্তির আবেদন শুধুমাত্র অনলাইনে **https://gsa.teletalk.com.bd** এই ঠিকানায় পাওয়া যাবে। অনলাইনে আবেদন গ্রহণের প্রক্রিয়া **২১/১১/২০২৫ খ্রি. সকাল ১১:০০ টা হতে শুরু হয়ে ০৫/১২/২০২৫ খ্রি. বিকাল ০৫:০০ টা পর্যন্ত চলমান থাকবে।** ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন ফি ১০০/- (একশত) টাকা নির্ধারণ করা হয়েছে যা শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS এর মাধ্যমে প্রদান করা যাবে।

সারাদেশে আবেদনকারীরা আবেদনের সময় প্রতিষ্ঠান নির্বাচনকালে থানাভিত্তিক শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা পাবে। এক্ষেত্রে প্রার্থীগণ প্রাপ্যতার ভিত্তিতে প্রতিটি আবেদনে সর্বোচ্চ ৫টি বিদ্যালয় পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে পারবে। তবে ডাবল শিফট স্কুলে উভয় শিফট পছন্দ করলে ০২টি পছন্দক্রম (০২টি বিদ্যালয় পছন্দক্রম) সম্পাদন হয়েছে বলে গণ্য হবে। একই পছন্দক্রমের বিদ্যালয় কিংবা শিফট দ্বিতীয় বার পছন্দ করা যাবে না। ২০২৬ শিক্ষাবর্ষে কেন্দ্রীয় পর্যায়ে অনুষ্ঠেয় ডিজিটাল দৈবচয়ন প্রক্রিয়ার কার্যক্রমে সারাদেশের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়কে অংশগ্রহণ করতে হবে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে দৈবচয়নের মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া নিষ্পন্ন করা ব্যতিত অন্য কোন পরীক্ষা গ্রহণ করা যাবে না। জাতীয় শিক্ষানীতি-২০১০ ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা অনুযায়ী ১ম শ্রেণিতে শিক্ষার্থীর বয়স ৬+ ধরে ভর্তি নিশ্চিত করতে হবে। তবে কাঙ্খিত শিক্ষাবর্ষের ০১ জানুয়ারি তারিখে শিক্ষার্থীর সর্বনিম্ন বয়স ০৫ বছর এবং ৩১ ডিসেম্বর তারিখে সর্বোচ্চ ০৭ বছর পর্যন্ত হবে। (যেমন: ২০২৬ শিক্ষাবর্ষে ভর্তিকালে কোন শিক্ষার্থীর বয়সসীমা সর্বনিম্ন ০৫ বছর হবে অর্থাৎ সর্বনিম্ন জন্ম তারিখ হবে ০১ জানুয়ারি ২০২১ পর্যন্ত এবং সর্বোচ্চ বয়সসীমা ০৭ বছর পর্যন্ত অর্থাৎ জন্ম তারিখ ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত)। পরবর্তী শ্রেণিসমূহে বয়স নির্ধারণের বিষয়টি প্রথম শ্রেণিতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে ধারাবাহিকভাবে প্রযোজ্য হবে। শিক্ষার্থীর বয়স নির্ধারণের জন্য ভর্তির আবেদন ফরমের সাথে অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের বয়স নির্ধারণে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছরের অতিরিক্ত সুবিধা দেয়া যাবে।

এছাড়া, সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মচারীগণের ভর্তির উপযুক্ত সন্তান সংখ্যার সমসংখ্যক অতিরিক্ত আসনস্থ স্ব বিদ্যালয়ে সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে তাঁদের অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই। তবে শিক্ষক/কর্মচারী মাধ্যমিক বালক বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপযুক্ত সন্তান বালিকা হলে নিকটতম সরকারি বালিকা/সহশিক্ষা বিদ্যালয়ে অতিরিক্ত আসন সংরক্ষিত রাখতে হবে। শিক্ষক/কর্মচারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে কর্মরত থাকলে এবং তাঁর ভর্তি উপযুক্ত সন্তান বালক হলে নিকটতম সরকারি বালক/সহশিক্ষা বিদ্যালয়ে অতিরিক্ত আসন সংরক্ষিত রাখতে হবে। একইভাবে শিক্ষক/কর্মচারী যদি সহশিক্ষা বিদ্যালয়ে কর্মরত থাকে তাহলে তাঁর ভর্তি উপযুক্ত সন্তানের ভর্তির জন্য কর্মরত বিদ্যালয়েই অতিরিক্ত আসন সংরক্ষিত রাখতে হবে। তবে কর্মরত বিদ্যালয়ে ভর্তির উপযুক্ত কাঙ্খিত শ্রেণি না থাকলে নিকটতম বালক/বালিকা/সহশিক্ষা বিদ্যালয়ে (প্রযোজ্য ক্ষেত্রে) অতিরিক্ত আসন সংরক্ষিত রাখতে হবে।

সারাদেশের সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়ার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী **www.dshe.gov.bd** এর **secondary circular/order** ও **www.teletalk.com.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

১৪-১১-২০২৫
প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল
পরিচালক

CamScanner